

## শ্রদ্ধাঞ্জলি

### একটি এলিজি

#### শামসুর রাহমান

চোখ মেলে দেখি  
প্রকৃত কবির মতো কে যেন গভীর জ্যোৎস্নায়  
রাতে এক বয়স্ক মানব আসমানে  
যেন বা সাঁতার কেটে চলেছেন একা।

দৃষ্টি তার যেন  
কোনও কিছুকেই ছুঁয়ে যাচ্ছে না জ্যোৎস্নায়  
ভেসে চলেছেন যিনি তাকে পরিচিত  
ব'লে মনে হলো- কাব্য জগতের দীপ্র কেউ একজন।

মেঘের আড়াল থেকে বেরিয়ে এসেই ষাট বছরের কবি  
মুক্তিকায় নেমে এসে বসলেন গাছের ছায়ায়। অকস্মাৎ  
কী-যে মনে হলো তার, বললেন তিনি, 'কেমন আছেন?  
কতকাল আপনার সঙ্গে দেখা নেই। অসুস্থ ছিলাম খুব;  
আপনিও ভাল নেই, জানতাম। আপনারা কেউ ভাল নেই?'-  
এ-কথা বলেই তিনি বাতাসে সাঁতার কেটে যান।

ভাই আবু কায়সার, বলুন তো সত্যি করে  
ওপারে গিয়ে কি আপনার এপারের জন্য মন  
বড় বেশি খারাপ হয়েছে কোনও ক্ষণে?  
আপনার কাব্যগ্রন্থদের কথা মনে পড়ে?  
জীবন সঙ্গিনী আর সন্তান সন্ততি, বন্ধু বান্ধব এবং  
সহকর্মীদের, স্বদেশের কথা ভেবে বাস্পাকুল হয়।

বলো, কবি বলো-  
এখন কোথায় তুমি আবু কায়সার? এখন কি  
শুধু এক নাম তুমি? কতিপয় গ্রন্থ ছাড়া কিছু  
নয় আর? বস্তুত কিছুই নয়, হায়, চিরস্থায়ী।  
ভাই আবু কায়সার, শপথ তোমার কবিতার,  
বলো তো ওপারে গিয়ে এপারের জন্য  
বড় বেশি হু হু  
কখনো? শোকার্ত গৃহিণীর কথা ভেবে  
ফেলো নাকি দীর্ঘশ্বাস? কবির জীবন অবসিত হলে দূরে  
সুদূর বনের কোকিলের কণ্ঠসুর কেঁদে ওঠে!

৬/০৫/২০০৫

### আবু কায়সার স্মরণে

#### নির্মলেন্দু গুণ

আজ আমার কবিবন্ধু আবু কায়সার মারা গেলো।  
অল্পদিনের ব্যবধানে আমি আমার বেশ ক'জন  
অন্তরঙ্গ প্রিয় কবিবন্ধুকে হারিয়েছি,  
যাদের সঙ্গে শুরু করেছিলাম আমার কাব্যযাত্রা।  
খুব গভীর ভাবে আমি লক্ষ্য করে দেখেছি,  
আমি আমার বন্ধু-মৃত্যুতে যেমন কষ্ট পাই,  
তেমনি আনন্দও খুব কম পাই না।  
সে আনন্দ হচ্ছে, আমার বেঁচে থাকার আনন্দ।  
তার মৃত্যুর জন্য আনন্দ নয়,  
আমার বেঁচে থাকার জন্য আনন্দ।

যখন খুব কাছ থেকে একটি তারা খসে পড়ে,  
আকাশে শূন্যতা সৃষ্টি করেই সে ফুরিয়ে যায় না।  
প্রতিটি জীবনাবসানে, অগ্নিটানে হাওয়ার মতো  
ছুটে আসে পল্লবিত নতুন জীবন।  
মনে হয় বুঝি কিছুটা ছড়িয়ে ছিটিয়ে বসার জন্য  
সে নিজের আগলে রাখা স্থানটিকে  
তার প্রিয় সহযাত্রীদের দান করে দিয়ে গেলো।

বেঁচে থাকার আনন্দ আমরা সর্বদা টের পাই না।  
বন্ধুজনের মৃত্যুতে সেটা নতুন করে উপলব্ধ হয়।  
মৃতরা জীবিতের গতানুগতিক জীবনচক্রে  
অস্তিত্বের উপলব্ধিকে হঠাৎ বাঙময় করে তোলে।  
সেখানে দেখতে পাই মৃত্যুর আরেক সার্থকতা।